দৈনিক ইনকিলাব 14

তারিখ ..03.NOV..1997 ... ...
পৃষ্ঠা ১ কলাম ৫....

## সংসদে প্রশ্নোত্তর

# বঙ্গবন্ধু মেডিঃ বিশ্ববিদ্যালয় করার নীতিগত সিদ্ধান্ত নেয়া হয়েছে

সংসদ রিপোর্টার : জাতীয় পার্টির এডভোকেট ফজলে রাব্বির এক সম্পূরক প্রশ্নের উত্তরে স্বাস্থ্যমন্ত্রী সালাহউদ্দিন ইউসুফ গতকাল সংসদকে জানান, পিজিকে বঙ্গবন্ধু মেডিকেল বিশ্ববিদ্যালয় করার নীতিগত সিদ্ধান্ত নেয়া হয়েছে। এর জন্য এন্টিসিপেটরী কোন আইন নেই। এ ব্যাপারে কোন আইন প্রণয়ন করা হয়নি, আইন করার কাজ হাতে নিয়েছি। তিনি জানান, পিজি ছাড়া উচ্চতর মেডিকেল শিক্ষার জন্য অন্য কোন ইনস্টিটিউশন নেই। মেডিকেলের উচ্চ শিক্ষার জন্য একটি ইনস্টিটিউট থাকা বাঞ্ছনীয়। তাছাড়া অন্য জায়গায় একটি মেডিকেল বিশ্ববিদ্যালয় করতে ৫/১০ বছর সময় লেগে যাবে।

অথচ একটি মেডিকেল বিশ্ববিদ্যালয়ের চাহিদা দীর্ঘদিনের। মন্ত্রী এডভোকেট ফজলে রাব্বি কর্তৃক উত্থাপিত অন্য একটি মেডিকেল বিশ্ববিদ্যালয় না করে পিজিকে কেন মেডিকেল বিশ্ববিদ্যালয় করা হচ্ছে প্রশ্নের উত্তর দিচ্ছিলেন।

জাতীয় পার্টির এন কে আলম চৌধুরীর এক সম্পূরক প্রশ্নের উত্তরে স্বাস্থ্যমন্ত্রী

৩-এর পাতায় দেখুন

## সংসদে প্রশ্নোত্তর

প্রথম পৃষ্ঠার পর

সালাহউদ্দিন ইউসুফ গতকাল সংসদকে জানান, দেশে অবৈধ ক্লিনিক ব্যবসার ব্যাপারে আমরা অবহিত। এসব অবৈধ ক্লিনিক নিয়ন্ত্রণে ও অবৈধ ক্লিনিক ব্যবসা বন্ধে আইন করা হচ্ছে। আইন অনুযায়ী এদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে।